ঘূর্ণিঝড় রিমাল

# শিক্ষাপ্রতিষ্ঠান নিয়ে যে নির্দেশনা দিল মন্ত্রণালয়




*প্রতীকী ছবি*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৭ মে ২০২৪ | ১১:৩৪ | আপডেট: ২৭ মে ২০২৪ | ১১:৩৪

- অ +

ঘূর্ণিঝড় রিমালের প্রভাব মোকাবিলায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পরিস্থিতি বিবেচনা করে ওই সব এলাকায় শিক্ষাপ্রতিষ্ঠানের অবকাঠামো ব্যবহার ও শ্রেণিকার্যক্রম পরিচালনার বিষয়ে ব্যবস্থা নেবে। দুর্যোগ পরিস্থিতিতে উপকূলীয় জেলাসহ সংশ্লিষ্ট জেলায় দুর্যোগবিষয়ক স্থায়ী আদেশ অনুযায়ী তারা এই ব্যবস্থা নেবে।

রোববার (২৬ মে) শিক্ষা মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, বাংলাদেশের আবহাওয়া অধিদপ্তরের বিজ্ঞপ্তি অনুযায়ী বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় রিমাল দেশের দক্ষিণ অঞ্চলের উপকূলীয় এলাকা অতিক্রম করার আশঙ্কা রয়েছে। এ অবস্থায় উল্লিখিত নির্দেশনা দেওয়া হয়।

এদিকে ঘূর্ণিঝড় রিমালের ক্ষয়ক্ষতি রোধে প্রস্তুতির অংশ হিসেবে গতকাল সচিবালয়ে আন্তমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী মো. মহিববুর রহমান বলেন, সিটি করপোরেশন, পৌরসভাসহ সারা দেশের সব মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করা হয়েছে।

এ ছাড়া রিমাল আঘাত আনতে পারে- এমন এলাকার সব শিক্ষাপ্রতিষ্ঠানকে আশ্রয়কেন্দ্র হিসেবে তৈরি করে রাখা হয়েছে। তাই এই শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খোলা থাকবে, তবে ক্লাস হবে না।

সভায় মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরীসহ বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।